



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
'কৃষি ভবন'

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
(অর্থ বিভাগ)

স্মারক নং- ১(নিঃপঃ) ৩১/৭৭-৮৭/৮৮-৮৯-

তারিখ- জানুয়ারী ২০১৭

পরিপত্র


বিষয় : সংস্থার বিভিন্ন বিভাগের ফটোকপি মেশিন পরিচালনার জন্য সম্মানী ব্যয় বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

গত ১৯ ডিসেম্বর ২০১৬ তারিখে বিএডিসি'র পরিচালনা পর্ষদের ২০১৬-১৭ অর্থ বছরের দ্বিতীয় সাধারণ পর্ষদ সভা অনুষ্ঠিত হয়। উক্ত পর্ষদ সভার আলোচ্যসূচি-১১ এর সিদ্ধান্ত মোতাবেক ফটোকপি মেশিন পরিচালনার সম্মানী ব্যয় বছরে ১০০০/- টাকা হতে ৩০০০/- টাকায় বৃদ্ধি করা হলো। উক্ত সম্মানী ব্যয় নিম্নোক্ত শর্ত সাপেক্ষে পরিশোধ যোগ্য হবে।

শর্তাবলী :-

- (ক) শুধুমাত্র নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসাবে ফটোকপি মেশিন চালনা করলে উক্ত সম্মানী প্রদেয় হবে। বার্ষিক সর্বোচ্চ ৩০০০ (তিন হাজার) টাকার ভিত্তিতে প্রকৃত পক্ষে যে সময়ের জন্য অতিরিক্ত দায়িত্ব পালন করা হবে শুধু সে সময়ের জন্য আনুপাতিক হারে এই সম্মানী দেয়া হবে। তবে নূন্যতম সময় এক মাস হতে হবে।
- (খ) দায়িত্ব পালনের স্বপক্ষে পূর্বে জারীকৃত সুনির্দিষ্ট অফিস আদেশ থাকতে হবে।
- (গ) দায়িত্ব পালনের স্বপক্ষে বিভাগীয় প্রধানের প্রত্যায়ন থাকতে হবে।
- (ঘ) সংশ্লিষ্ট বিভাগের বাজেট হতে অর্থ বিভাগের মঞ্জুরীর প্রেক্ষিতে সম্মানী ব্যয় খাত হতে বিল পরিশোধের যোগ্য হবে।
- (ঙ) শুধু মাত্র বাজেটে অর্থের সংস্থান থাকলেই বিল প্রদেয় হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(রানা লায়লা)

মহা-ব্যবস্থাপক (অর্থ) চ: দা:
অর্থ বিভাগ
বিএডিসি, ঢাকা।

স্মারক নং- ১(নিঃপঃ) ৩১/৭৭-৮৭/৮৮-৮৯-১৪৪৩(৪০)

তারিখ- ২২ জানুয়ারী ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

- ১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
- ২। সদস্য পরিচালক (অর্থ/সুদ্রসেচ/সার/বীজ) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- ৩। সকল বিভাগীয় প্রধান.....বিএডিসি, ঢাকা।
- ৪। সহকারী হিসাব নিয়ন্ত্রক (ব্যক্তিগত দাবী/বিল), হিসাব বিভাগ, বিএডিসি, ঢাকা।
- ৫। আইসিটি সেল প্রধান, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা।
- ৬। অফিস কপি।

৩৪